



জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাতার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২৪৮৪১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২৪৮৪১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

নব নিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলমের সংবর্ধনা অনুষ্ঠান ॥

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের একটি আদর্শ বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলা হবে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৪ সেপ্টেম্বর ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম বলেছেন, তিনি বিশ্বমানের একটি আদর্শ বিশ্ববিদ্যালয় হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে গড়ে তোলার স্বপ্ন দেখেন। তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয়ের ৪৯জন শিক্ষক বিশ্বের সেরা টু পার্সেন্ট বিজ্ঞানীদের অন্তর্ভুক্ত, এই শিক্ষকরা তাঁর স্বপ্ন পূরণ করতে পারেন। আজ বেলা বারোটায় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে আয়োজিত তাঁকে দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে নবনিযুক্ত উপাচার্য এ কথা বলেন। বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে উপাচার্য তাঁর ভাষণে আরও বলেন, শীত্রিত সমাবর্তন আয়োজনে তিনি মহামান্য চ্যাসেলরের অনুমতি প্রার্থনা করবেন। নব নিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম তাঁকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দানের জন্য মহামান্য রাষ্ট্রপতি ও চ্যাসেলর, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষা উপমন্ত্রী, শিক্ষা সচিব এবং সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য সেশনজট নিরসনে একাডেমিক ক্যালেন্ডার তৈরির ওপর গুরুত্বান্বোধ করে এ বিষয়ে সব ধরনের পদক্ষেপ গ্রহণের কথা জানান। উপাচার্য বলেন, অচিরেই নব নির্মিত দুঁটি আবাসিক হল উদ্বোধন করা হবে। এর ফলে শিক্ষার্থীদের আবাসন সংকট দূর হবে। নব নির্মিত অপর ৪টি হল উদ্বোধনের পর এ বিশ্ববিদ্যালয় থেকে ‘গণরাম’ সংস্কৃতির অবসান হবে। প্রশাসনিক কর্মকাণ্ডে সব ধরনের স্বচ্ছতা ও সততা নিশ্চিত করার ওপর জোর দিয়ে তিনি বলেন, কেউ যাতে ক্ষতিগ্রস্ত না হন, সেদিকে তিনি খেয়াল রাখবেন। রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) রহিমা কানিজের পরিচালনায় অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্ট, বিভাগীয় সভাপতি, শিক্ষক, অফিস প্রধান, শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, অফিসার সমিতি, কর্মচারী সমিতি, কর্মচারী সমিতি, ইউনিয়ন, জাবি শাখা ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন এবং বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিরা নবনিযুক্ত উপাচার্যকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

সভায় নবনিযুক্ত উপাচার্যকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. অজিত কুমার মজুমদার, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. লায়েক সাজাদ এন্দেল্লাহ, সম্পাদক অধ্যাপক ড. মো. মোতাহার হোসেন, ফজিলাতুন্নেসা হলের প্রভোস্ট অধ্যাপক ড. এ টি এম আতিকুর রহমান, সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক ড. মো. শামছুল আলম, সিনেট সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীর কবীর, গ্রীতিলতা হলের প্রভোস্ট আয়শা সিদ্দিকা, আ ফ ম কামাল উদ্দিন হলের প্রভোস্ট ও ভারপ্রাপ্ত প্রষ্ঠের আ. স. ম. ফিরোজ-উল-হাসান, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের সম্পাদক অধ্যাপক ড. খালিদ কুদুর, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হলের প্রভোস্ট অধ্যাপক ড. আবদুল্লাহ হেল কাফী, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের সহকারী অধ্যাপক মাহমুদুর রহমান, ছাত্রলীগ জাবি শাখার সভাপতি আকতারুজ্জামান সোহেল, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান লিটন, অফিসার সমিতির সভাপতি আজিম উদ্দিন, কর্মচারী সমিতির সভাপতি আবদুর রহিম, সাধারণ সম্পাদক আবুল কালাম হাওলাদার, কর্মচারী ইউনিয়নের সভাপতি বিপ্লব খান প্রমুখ।

এর আগে সকাল দশটায় নবনিযুক্ত উপাচার্য ধানমণ্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঙ্গলি নিবেদন করেন। বেলা এগারোটায় তিনি সাভারে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঙ্গলি নিবেদন করে সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন। বেলা আড়াইটায় সংবর্ধনা অনুষ্ঠান শেষে নবনিযুক্ত উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সমুখে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঙ্গলি নিবেদন করেন। এ সময় নবনিযুক্ত উপাচার্যের সঙ্গে কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, ভারপ্রাপ্ত প্রষ্ঠের ও প্রষ্ঠারিয়াল টিমের সদস্যবৃন্দ, অফিস প্রধান এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মোহাম্মদ মহিউদ্দিন

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)